

SRI RAMAKRISHNA ASHRAMA INSTITUTE (High School)
(Co-Ed. & Beng. Medium)
Session : 2020
CLASS - VIII

Subject : History

ASSESSMENT : 01 (ANSWER)

১. সঠিক উত্তরটি নির্বাচন করো :

- ১.১ (খ) যদুনাথ সরকার
- ১.২ (গ) ১৭১৭ খ্রিঃ
- ১.৩ (ঘ) ১৭৬০ খ্রিঃ
- ১.৪ (ঘ) মুঙ্গেরে
- ১.৫ (ক) লাহোরের চুক্তি
- ১.৬ (ঘ) হায়দরাবাদ।
- ১.৭ (ঘ) ১৮২৩ খ্রিঃ।
- ১.৮ (ঘ) ওয়ারেন হেস্টিংস।
- ১.৯ (গ) জেমস রেনেল
- ১.১০ (খ) রাজা রামমোহন রায়
- ১.১১ (ঘ) পাঞ্জাবো।
- ১.১২ (খ) বিষ্ণুচরন বিশ্বাস,
- ১.১৩ (ঘ) স্কটিশচার্চ কলেজ।
- ১.১৪ (গ) চিরস্থায়ী বন্দোবস্ত

২. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও :

২.১ একটি বাক্যে উত্তর দাও :

- ২.১.১ খোজা ওয়াজিদ ছিলেন মুর্শিদকুলি খানের আমলে বাংলার এক প্রভাবশালী আর্মেনীয় ব্যবসায়ী।
- ২.১.২ ১৭২৩ খ্রিস্টাব্দে, আসফ বা মুবারিজ খানকে পরাজিত করেন এবং পরের বছর হায়দারাবাদে নিজের আধিপত্য প্রতিষ্ঠা করেন।
- ২.১.৩ ১৮৪৩ খ্রিস্টাব্দে, সিন্ধুপ্রদেশ অঞ্চলে প্রথম নতুন ধাঁচের পুলিশি ব্যবস্থা প্রয়োগ করা হয়।
- ২.১.৪ ১৮৫৩ খ্রিস্টাব্দে, লর্ড ডালহৌসির আমলে ভারতে রেলপথ প্রবর্তিত হয়।

২.২ ঠিক না ভুল নির্ণয় করো :

- ২.২.১ পারসিক নেতা আহমদ শাহ আবদালি ১৭৫৬-৫৭ খ্রিস্টাব্দে ভারতবর্ষ আক্রমণ করেন। **ভুল।**
- ২.২.২ নবাবের নিষেধ অমান্য করে ইস্ট ইন্ডিয়া কোম্পানী কলকাতায় সেন্ট জর্জ দুর্গ নির্মাণ করে। **ভুল।**
- ২.২.৩ সতীদাহ প্রথা নিবারণের উদ্দেশ্যে রাজা রামমোহন রায় লর্ড আমহাস্টকে চিঠি লেখেন। **ভুল।**
- ২.২.৪ ১৮৫৫ খ্রিঃ ভারতে প্রথম সুতির কাপড় তৈরীর কারখানা চালু হয়। **ভুল।**

২.৩ বামস্ফন্ডের সাথে ডানস্ফন্ড মেলাও :

বামস্ফন্ড	ডানস্ফন্ড
২.৩.১ স্বত্ববিলোপ নীতি	১৮৪৮ খ্রিস্টাব্দ
২.৩.২ অধীনতামূলক মিত্রতা নীতি	১৭৯৮ খ্রিস্টাব্দ
২.৩.৩ হিন্দু কলেজ	১৮১৭ খ্রিস্টাব্দ
২.৩.৪ কলকাতা সংস্কৃত কলেজ	১৮২৪ খ্রিস্টাব্দ

২.৪ শূন্যস্থান পূরণ করো :

- ২.৪.১ অন্ধকূপ হত্যার কথা প্রচার করেন হলওয়েল।
- ২.৪.২ বঙ্গারের যুদ্ধের সময় মোগল সম্রাট ছিলেন দ্বিতীয় শাহ আলম।
- ২.৪.৩ ‘কুলী-কাহিনী’ নামক নিবন্ধটি ধারাবাহিক ভাবে প্রকাশিত হয় সঞ্জীবনী পত্রিকায়।
- ২.৪.৪ ‘বঙ্গদেশের কৃষক’ প্রবন্ধটির রচয়িতা হলেন বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়।

৩. দুটি অথবা তিনটি বাক্যে নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও :

৩.১ কবে, কাদের মধ্যে এলাহাবাদের প্রথম সন্ধি স্বাক্ষরিত হয় ? এই সন্ধির শর্তগুলি কী ছিল ?

উঃ- বঙ্গারের যুদ্ধের পর ১৭৬৫ খ্রিস্টাব্দে ইংরেজ ইস্ট ইন্ডিয়া কোম্পানি ও অযোধ্যার নবাব সুজা উদ-দৌলার মধ্যে এলাহাবাদের প্রথম সন্ধি স্বাক্ষরিত হয়। এই সন্ধির শর্তানুসারে সুজা উদ-দৌলা কোম্পানির সঙ্গে আত্মরক্ষামূলক অধীনতামূলক মিত্রতা স্থাপন করেন। যুদ্ধের ক্ষতিপূরণ হিসাবে তিনি কোম্পানীকে ৫০ লক্ষ টাকা এবং কারা ও এলাহাবাদ প্রদেশ দান করেন।

৩.২ কবে, কাদের মধ্যে সলবাইয়ের সন্ধি স্বাক্ষরিত হয় ? এই সন্ধির শর্তগুলি উল্লেখ করো।

উঃ- প্রথম ইঙ্গ-মারাঠা যুদ্ধের অবসানের পর ১৭৮২ খ্রিঃ মারাঠা ও ইংরেজদের মধ্যে সলবাইয়ের সন্ধি স্বাক্ষরিত হয়। এই সন্ধির শর্তানুসারে -

- (ক) ইংরেজরা রঘুনাথ রাওয়ের পক্ষ ত্যাগ করে এবং মাধব রাও নারায়ণকে পেশোয়া বলে স্বীকার করে নেয়।
- (খ) ইংরেজরা সলসেট, বেসিন প্রভৃতি অঞ্চল লাভ করে।

৩.৩ মেকলের প্রতিবেদন বলতে কী বোঝ ?

উঃ- লর্ড উইলিয়াম বেন্টিন্গের আইনসচিব ও জন শিক্ষা কমিটির সভাপতি টমাস ব্যাংকিংটন মেকলে ভারতে পাশ্চাত্যশিক্ষা বিস্তারের উদ্দেশ্যে ১৮৩৫ খ্রিঃ বেন্টিন্গের কাছে শিক্ষা সংক্রান্ত যে প্রস্তাব পেশ করেন। তা মেকলে মিনিট নামে পরিচিত। এইপ্রস্তাবে বলা হয় -

(ক) প্রাচ্যের সভ্যতা দুর্নীতিগ্রস্ত, অনুরত ও বৈজ্ঞানিক চেতনাহীন।

(খ) প্রাচ্যের সভ্যতা ও সংস্কৃতির উন্নতি ও সদ্ধৃদ্ধি ঘটতে পারে একমাত্র পাশ্চাত্য শিক্ষার মাধ্যমেই।

এছাড়াও তিনি বলেন ভারতীয়দের ইংরাজি ভাষার মাধ্যমে পাশ্চাত্য শিক্ষা দিলে তাদের মাধ্যমে আরো বহু ভারতীয় পাশ্চাত্য শিক্ষায় শিক্ষিত হয়ে উঠবে। তাঁর এই নীতিই ‘ইনফিলট্রেশন থিয়োরি’ নামে পরিচিত।

১৮৩৫ খ্রিঃ ৭ই মার্চ এই প্রস্তাব সরকারের অনুমোদন পায়।

৩.৪ রায়তওয়ারি ও মহলওয়ারি বন্দোবস্তের দুটি পার্থক্য উল্লেখ করো। (এর মধ্যে যেকোনো দুটি পার্থক্য লিখতে হবে)

উঃ-

বিষয়	রায়তওয়ারি বন্দোবস্ত	মহলওয়ারি বন্দোবস্ত
কথার অর্থ	রায়ত কথার অর্থ কৃষক।	মহল কথার অর্থ কয়েকটি গ্রামের সমষ্টি।
প্রবর্তক	রায়তওয়ারি বন্দোবস্ত প্রবর্তন করেন আলেকজান্ডার রিড ও টমাস মনরো।	মহলওয়ারি বন্দোবস্ত প্রবর্তন করেন হল্ট ম্যাকোঞ্জি।
প্রবর্তনকাল	রায়তওয়ারি বন্দোবস্ত প্রবর্তিত হয় ১৮২০ খ্রিঃ।	মহলওয়ারি বন্দোবস্ত প্রবর্তিত হয় ১৮২২ খ্রিঃ।
প্রবর্তিত অঞ্চল	রায়তওয়ারি বন্দোবস্ত প্রবর্তিত ছিল মাদ্রাজ প্রেসিডেন্সির কিছু অঞ্চল বাদে দক্ষিণ ভারতের অন্যান্য অঞ্চলে।	মহলওয়ারি বন্দোবস্ত প্রবর্তিত ছিল গাঙ্গেয় উপত্যকা, উত্তর-পশ্চিম প্রদেশ, মধ্যপ্রদেশ প্রভৃতি অঞ্চলে।
রাজস্ব আদায়	এই ব্যবস্থায় সরাসরি কৃষকদের থেকে রাজস্ব আদায় করা হতো।	এই ব্যবস্থায় মহল বা কতকগুলি গ্রামের সমষ্টির প্রধানের মাধ্যমে রাজস্ব আদায় করা হতো।

৩.৫ অর্থনীতির আধুনিকীকরণ বলতে কী বোঝ ?

উঃ - ঔপনিবেশিক শাসনাধীনে ভারতীয় অর্থনীতির অন্যতম প্রধান বৈশিষ্ট্য হল বাণিজ্য। আর এই বাণিজ্যের প্রয়োজনে ঔপনিবেশিক সরকার কৃষিভিত্তিক শিল্পগুলির প্রয়োজনীয় কাঁচামাল যেমন পাট, তুলা, নীল, চা প্রভৃতি চাষের উপর গুরুত্ব বৃদ্ধি করে। তারা এই সকল কৃষিজ পণ্য উৎপাদনের জন্য কৃষকদের উপর চাপ দিতে থাকে। ফলে কৃষির বাণিজ্যিকীকরণ ঘটে। এর সাথে যুক্ত হয় রেলপথ নির্মাণ, রপ্তানির হার বৃদ্ধি প্রভৃতি। এই সকল প্রক্রিয়াই একত্রে অর্থনীতির আধুনিকীকরণ নামে পরিচিত।